ভিধেয়ং তদ্বৈমুখ্য-বিরোধিত্বাত্তৎসাম্মুখ্যমেব। তচ্চ তদুপাসনলক্ষণং, যত এব তজ্‌জ্ঞান-মাবির্ভবতি, প্রয়োজনঞ্চ তদনুভবঃ, স চান্তর্বহিঃসাক্ষাৎকারলক্ষণঃ, যত এব স্বয়ং কৃৎস্ন-দুঃখনিবৃত্তির্ভবতি। তদেতদ্বয়ং যদ্যপি পূর্ব্বত্র সিদ্ধোপদেশএব অভিপ্রেত মস্তি, যথা, তবগৃহে নিধিরস্তীতিশ্রুত্বা কশ্চিদ্দরিদ্রস্তদর্থং প্রযততে লভতে চ তমিতি, তদ্বৎ, তথাপি তচ্ছৈথিল্য নিরাসায় পুনস্তদুপদেশঃ। তদেবং তান্ প্রত্যনাদিসিদ্ধতজ্‌জ্ঞান-সংসর্গাভাবময়তদ্বৈমুখ্যাদিকং দুঃখহেতুং বদদ্ব্যাধিনিদান-বৈপরীত্যময় চিকিৎসানিভং তৎসাম্মুখ্যাদিক মুপদিশতি—

ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদীশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ।
তন্মায়য়াতো-বুধ আভজেত্তংভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা॥

শ্রীশ্রীগৌরগোপীজনবল্লভো বিজয়তে।
শ্রীশ্রীরাধামদনমোহনৌ বিজয়েতাং॥
বন্দে গোকুলচন্দ্রং তং যৎপাদাশ্রয়বীর্য্যতঃ।
শ্রীমদ্ভাগবতার্থানা-মাস্বাদো হৃদি জায়তে॥

অনুবাদ—ষট্‌সন্দর্ভনামক ভাগবতসন্দর্ভে, তত্ত্ব, ভগবৎ, পরমাত্ম, শ্রীকৃষ্ণ, ভক্তি ও প্রীতি এই ছয়টি সন্দর্ভ আছে, তন্মধ্যে ভক্তিসন্দর্ভ পঞ্চম।

গ্রন্থলেখার প্রয়োজন—বৃন্দাবনে সতত বিরাজমান, জ্ঞান বৈরাগ্য তপস্যাসম্পত্তিযুক্ত শ্রীরূপ-সনাতন গোস্বামীদ্বয়ের সন্তোষের জন্য দক্ষিণ-দেশোদ্ভব শ্রীগোপাল ভট্ট গোস্বামীচরণ—পুনর্বার ইহার বিচার করিয়া-ছিলেন। সেই পূর্ব্বগ্রন্থ কোথাও পর্য্যায়ক্রমে, কোথাও পর্য্যায়বিপর্য্যস্ত করিয়া, কোথাও বা পর্য্যায়াংশহীন করিয়া লিখিত ছিল। তৎসমুদয়—আলোচনা করিয়া জীবক-নামক ব্যক্তি পর্য্যায়ক্রমে এই গ্রন্থ লিখিতেছি।

বিবৃতি—গ্রন্থ প্রণয়নের প্রয়োজনীয়তা প্রদর্শনজন্য "তৌসন্তোষয়তা" ইত্যাদি শ্লোকের অবতারণা; তাহাতে গ্রন্থের প্রাচীনতাও প্রদর্শিত হইয়াছে। শ্রীরূপ সনাতন, শ্রীগৌরাঙ্গ ও শ্রীকৃষ্ণের পরিকররূপে সতত বিদ্যমান আছেন। শ্রীগৌরাঙ্গ-পরিকররূপে শ্রীরূপসনাতন গোস্বামী ও শ্রীকৃষ্ণ-পরিকররূপে তাঁহারা শ্রীরূপমঞ্জরী ও লবঙ্গমঞ্জরী। প্রকট লীলায় প্রকটরূপে, আর অপ্রকট লীলায় অপ্রকটরূপে ইহাঁরা বিরাজ করেন, "সন্তৌ" পদে ইহা ব্যক্ত হইয়াছে। "শ্রীল" পদ তাঁহাদের অসাধারণ-জ্ঞান, বৈরাগ্য ও তপস্যারূপ সম্পত্তি প্রকাশ করিতেছে। শ্রীপাদ মধ্বাচার্য্য শ্রীমদ্ভা-গবতের গূঢ়ার্থাদি সংগ্রহ করেন। শ্রীরূপ-সনাতনের সন্তোষের জন্য শ্রীমন্মহাপ্রভুর প্রিয়পার্ষদ দাক্ষিণাত্য-নিবাসী ভট্টবংশসম্ভূত শ্রীগোপাল ভট্টগোস্বামী উক্ত সংগ্রহ গ্রন্থ বিচারপূর্ব্বক পুনর্ব্বার সার সংগ্রহ করেন।